

দেশভাগের প্রতিক্রিয়ায় সুলেখা সান্যালের ছোটগল্প

মণিকুন্তলা বসু

বিশ শতকের চল্লিশের দশক ভারতবর্ষ তথা বাংলার ইতিহাস ও সাহিত্যে বিশেষ তাৎপর্যপূর্ণ অধ্যায়। ১৯৪৭ সালে আমাদের দেশ স্বাধীন হয়েছে। কিন্তু, যে স্বাধীনতা আমরা পেলাম, তা আমাদের মোটেই কাঙ্ক্ষিত ছিল না। কারণ, আমরা পেলাম দ্বি-খণ্ডিত, রক্তাক্ত স্বাধীনতা। দেশভাগের মর্মান্তিক প্রতিক্রিয়ায় সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক পালাবদল যেমন ঘটল, তেমনি মানুষের মনস্তাত্ত্বিক আলোড়ন, বিপর্যয় ঘটল ঝড়ের বেগে। মানুষ হয়ে পড়ল দিশাহারা, শিকড়চ্যুত হল। উদ্ভূত হল নানা সংকট ও সমস্যা। দেশভাগের ফলে সৃষ্টি হল উদ্বাস্ত সমস্যা। কলোনি ক্যাম্পের উদ্ভব হল। সাম্প্রদায়িক দাঙ্গা শুরু হল, গ্রামীণ অর্থনীতি ভেঙে পড়ল, মেয়েরা বেআরু হয়ে পড়ল। অন্নের জন্য হাহাকার শুরু হল। জীবিকার সন্ধানে নিরন্ন মানুষগুলি প্রতিনিয়ত জীবনযুদ্ধে অংশীদার হয়ে উঠল। এককথায়, সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক, পারিবারিক বিপর্যয় ঘটল। পাশাপাশি, এসবের ফলে নারীর জীবনে, মনোজগতে বিপুল পরিবর্তন ঘটে গেল। দেশ স্বাধীন করার স্বপ্ন পুরুষের পাশাপাশি নারীকেও সমানভাবে নাড়া দেয়। নারী এক ঝটকায় অন্দরমহল থেকে বহির্বিশ্বে এসে উপস্থিত হয়। শুধু দেশভাগ নয়, এর সঙ্গে যুক্ত হয়েছিল বিশ্বযুদ্ধের অভিঘাত, মন্বন্তর। আর, এসবের ফলশ্রুতিতেই সৃষ্টি হল উদ্বাস্ত সমস্যা, মূল্যবোধের অবক্ষয়। বাঁচার জন্য মানুষ আশ্রয় লড়াই শুরু করল। অন্নের জন্য হাহাকার সেদিনের এক বাস্তব চিত্র। এ সবই চল্লিশের দশকের অস্থির সমাজ, রাজনৈতিক, অর্থনৈতিক বিপর্যয়েরই প্রতিফলন। যেখানে মূল্যবোধের কোনও মূল্য নেই। মানুষ হয়ে ওঠে নীচ, স্বার্থপর, অন্তঃসারশূন্য। পুরো সমাজ-রাজনীতির চিত্র বদল কথাসাহিত্যে ব্যাপক প্রভাব ফেলে। এসবের প্রতিক্রিয়ায় একদল সাহিত্যিক এগিয়ে আসলেন মানুষের মুক্তি কামনায়।

চল্লিশের দশকের সমাজে মানুষের মূল চাহিদা ছিল জাতীয় মুক্তি। দ্বি-খণ্ডিত স্বাধীনতা লাভের পর সেই জাতীয় মুক্তি রূপান্তরিত হল অর্থনৈতিক মুক্তিতে। ফলে, সামাজিক-অর্থনৈতিক-রাজনৈতিক চালচিত্র বদলে যেতে থাকে। মানুষের জীবনে জট-জটিলতা সৃষ্টি হয়। গণবিদ্বেষ, আন্দোলন, সমকালীন সময়ের অবক্ষয়, মূল্যবোধের পরিবর্তন, পরিবারের মধ্যে অবক্ষয়, স্বার্থপরতা, একান্নবর্তী পরিবারের ভাঙন, শিক্ষিত পরিবারের অভাব- অভিজোগ— এ সবই ঘটল দেশভাগের প্রতিক্রিয়ায়।

সমাজ হল সাহিত্যের দর্পণ। আভাবিকভাবে বাংলা সাহিত্য এসবের প্রভাবে প্রভাবিত

সূচিপত্র

সাম্প্রদায়িকতার উত্থান: বুদ্ধিজীবীদের মতামত ও দেশভাগ	১১	গৌতম কুমার ঘোষ
বিভূতিভূষণ মুখোপাধ্যায়ের পঞ্চপল্লব উপন্যাসে		
দেশভাগের অভিঘাত	১৬	হেনা সিনহা
বাংলা ছোটগল্পে দেশভাগ	২৩	জিতব্রতা গুহ
প্রসঙ্গ দেশভাগ ও বাংলা সাহিত্য	৩০	অমরেশ মিত্র
✓ দেশভাগের প্রতিক্রিয়ায় সুলেখা স্যানালের ছোটগল্প	৩৮	<u>মণিকুন্তলা বসু</u>
দেশভাগের প্রেক্ষিতে বাংলার চিত্রকলা	৪৭	কাজল গান্ধুলি
হাসান আজিজুল হকের ছোটগল্পে দ্বন্দ্ব বিক্ষুব্ধ করণকৃতি	৫৬	নির্মল কুমার বর্মণ
দেশবিভাগ : নারী মুক্তির বার্তা	৬০	অনামিকা মুখার্জী
বাংলা গননাট্যে দেশভাগের প্রভাব	৬৬	পারমিতা সরকার
দেশান্তর, দেশাচার ও স্মৃতিশাস্ত্র	৭০	বিদ্যুৎ মণ্ডল
দেশভাগ পরবর্তী বাংলা উপন্যাস ও নিম্নবর্গ ভাবনা		
দেড়শো গজে জীক	৭৫	প্রিয়াঙ্কা মণ্ডল
এপার বাংলা ও ওপার বাংলার সাহিত্যে		
দেশভাগের প্রভাব	৭৮	মৌসুমি মুদি
দেশভাগ ও সাম্প্রদায়িক দাঙ্গা	৮৩	চন্দ্রাণী পাল
দেশভাগের প্রভাব প্রতিবিস্তৃত কয়েকটি		
ছোটগল্পের আলোচনা	৮৮	কাকলি পাল
বাংলা উপন্যাসে দেশভাগ : নীলকণ্ঠ পাখির খোঁজে	৯৯	মৌসুমি বণিক
দেশভাগের দৃষ্টিতে সলিল সেনের নতুন ইহুদি	১০৬	রঞ্জিত কুমার বৈদ্য
হাসান আজিজুল হকের গল্পে দেশভাগ ও জীবন যন্ত্রণা	১১৩	সিলন সেখ

EPAR BANGLA OPAR BANGLAR SAHITYE DESHBHAGER PROBHAB
A Collection of Essays on Literature Language art and Culture of Bengali in
Twenty Century Edited by Dr. Pulokes Mondal & Dr. Nanigopal Malo,
Published by Debasis Bhattacharjee, Bangiya Sahitya Samsad, 6/2 Ramanath
Majumdar Street, Kolkata-700009. September 2023 Rs. 300.00

© হাজী এ, কে খান কলেজ, হরিহরপাড়া, মুর্শিদাবাদ

প্রকাশক ও স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া কোনো উপায়েই এই গ্রন্থের কোনো অংশের কোনোরূপ
পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না। এই শর্ত লঙ্ঘিত হলে উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রথম প্রকাশ

সেপ্টেম্বর, ২০২৩

প্রকাশক

দেবাশিস ভট্টাচার্য

বঙ্গীয় সাহিত্য সংসদ

৬/২, রমানাথ মজুমদার স্ট্রিট

কলকাতা : ৭০০০০৯

বর্ণ সংস্থাপন

প্রিন্টম্যাক্স

ইছাপুর

মুদ্রক

অজন্তা প্রিন্টার্স

কলকাতা : ৭০০০০৯

ISBN : 978-93-94748-61-3

মূল্য : তিনশো টাকা

এপার বাংলা
ওপার বাংলার
সাহিত্যে
দেশভাগের প্রভাব

সম্পাদনা

পুলকেশ মণ্ডল

ননীগোপাল মালো